বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

অক্টোবর ১৮, ২০২৩
এফই সার্কুলার লেটার নং ১৭ তারিখ: --------------------
কার্তিক ০২, ১৪৩০

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,


**<u>প্রবাসী রেমিট্যান্সের অর্থ বেনিফিসিয়ারীর নিকট বিতরণ প্রসঙ্গে।</u>**

"প্রবাসী রেমিট্যান্সের অর্থ বেনিফিসিয়ারীর নিকট বিতরণ" প্রসঙ্গে ইস্যুকৃত অত্র বিভাগের ১৬/০৭/২০১৪ তারিখের এফই সার্কুলার লেটার নং-১৫ এর প্রতি মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে প্রবাসী রেমিট্যান্সের অর্থ বেনিফিসিয়ারীর নিকট বিতরণের ক্ষেত্রে এফই সার্কুলার লেটার নং-১৫, তারিখ: ১৬/০৭/২০১৪ এ বর্ণিত সঠিকভাবে পরিপালন করা হচ্ছে না। এফই সার্কুলার লেটার নং-১৫, তারিখ: ১৬/০৭/২০১৪ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়সীমা দুই কার্যদিবস এর মধ্যে প্রবাসী রেমিট্যান্সের অর্থ যথাযথভাবে বেনিফিসিয়ারীর নিকট বিতরণের বিষয়টি নিশ্চিত করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

উপরোক্ত নির্দেশনা অবিলম্বে পরিপালনের লক্ষে বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন: ৯৫৩০১২৩